

Telephone Conversation between Prime Minister and H.E. Mr. Emmanuel Macron, President of France

August 16, 2022

ফরাসী রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে প্রধানমন্ত্রীর টেলিফোনে কথাবার্তা

আগস্ট 16, 2022

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ফরাসী রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে টেলিফোনে আজ কথা বলেছেন।

ফ্রান্সে চলতি খরা ও দাবানলের জন্য রাষ্ট্রপতি ম্যাক্রোঁকে সমবেদনা জানান প্রধানমন্ত্রী।

দুই নেতা প্রতিরক্ষা সহযোগিতা প্রকল্প এবং আণবিক শক্তিক্ষেত্রে সহযোগিতার বিষয়ে চলতি দ্বিপাক্ষিক উদ্যোগ পর্যালোচনা করেন।

তাঁরা, আন্তর্জাতিক খাদ্য নিরাপত্তা সহ বিভিন্ন ভৌগলিক ও রাজনৈতিক চ্যালেঞ্জ নিয়েও আলোচনা করেন।

সাম্প্রতিক বছরগুলিতে ভারত-ফ্রান্স কৌশলগত অংশীদারিত্ব আরও মজবুত হওয়ায় উভয় নেতা সন্তোষ প্রকাশ করেন এবং সহযোগিতার নতুন ক্ষেত্রে আরও ঘনিষ্ঠভাবে কাজ করতে ও নতুন সম্পর্ক গড়ে তুলতে সম্মত হন।

নতুন দিল্লী

আগস্ট 16, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.